

অতি জরুরী

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা- ১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/ চি-১/এমবিবিএস/বিডিএস কেন্দ্র পরিদর্শন-০১/২০১৪/৬০৭


তারিখঃ ০৯/১১/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় সার্বিক সহযোগিতা প্রদান।

সূত্র: মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০১/১১/২০১৭ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ১০/১১/২০১৭ খ্রিস্টাব্দে সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীর ০৫ (পাঁচ) টি কেন্দ্রের ০৯ (নয়) টি ডেন্যুতে বিডিএস কোর্সের ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৯১৭ (উনিশশত সতের) টি আসনের বিপরীতে ২২,৫০৯ (বাইশ হাজার পাঁচশত নয়) জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেবে। ভর্তি পরীক্ষার প্রশ্ন ও উত্তরপত্র গ্রহণ করার সময় সংশ্লিষ্ট নির্বাহী ম্যাজিস্ট্রেট কেন্দ্র প্রধানের সাথে উপস্থিত থেকে প্রশ্ন ও উত্তরপত্র গ্রহণ, পরীক্ষার দিন ট্রেজারি থেকে প্রশ্নপত্র গ্রহণ করে কেন্দ্র/ডেন্যুতে পৌঁছানো, পরীক্ষাকেন্দ্রের আইন-শৃংখলা নিয়ন্ত্রণে পুলিশকে সহায়তা প্রদান সহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন। প্রত্যেক ডেন্যুতে (সংযুক্ত তালিকা) একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট সার্বক্ষণিকভাবে নিয়োগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তালিকা।


(খান মোঃ নূরুল আমীন)
উপসচিব
ফোন: ৯৫৪০৭৩০

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৩। পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।